সংবাদ

তারিখ ·· 29 DEC 2015 ···
পৃষ্ঠা ··· ১৬ ··· কলাম ···· ১৬ ·····

অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ

# সাপাহার সর. কলেজে অধ্যক্ষসহ শিক্ষক কর্মচারী অবরুদ্ধ

প্রতিনিধি, সাপাহার (নওগাঁ)

নওগাঁর সাপাহার সরকারি কলেজ এ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অতিরিক্ত ফি আদায়ের অভিযোগ উঠেছে। এ ঘটনায় বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা কলেজে তালা ঝুলিয়ে দিয়ে অধ্যক্ষসহ সকল শিক্ষক কর্মচারীকে প্রায় আড়াই ঘণ্টা ধরে অবরুদ্ধ করে রাখে। গত বৃহস্পতিবার দুপুরে এ ঘটনাটি ঘটেছে। সূত্রে জানা গেছে এবারে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য বিবেচিত সকল শিক্ষার্থীর নিকট থেকে পরীক্ষার ফরম পূরণে কলেজ কর্তৃপক্ষ অতিরিক্ত ফি আদায় করতে শুরু করে। এ ঘটনায় পরীক্ষার্থীদের মধ্যে চাপা ক্ষোভের সৃষ্টি হয়। অতিরিক্ত ফি আদায় বন্ধের দাবিতে বিক্ষুব্ধ শিক্ষার্থীগণ কলেজের প্রধান গেট ও অফিসের গেট এ তালা ঝুলিয়ে দিয়ে কলেজের অধ্যক্ষ প্রফেসর মো: হোসেন সহিদ মাহবুবুর রহমান, উপাধ্যক্ষ মুজিবুর রহমানসহ সকল শিক্ষক কর্মচারীকে অবরুদ্ধ করে বিক্ষোভ শুরু করে। এ দিকে দীর্ঘ প্রায় আড়াই ঘণ্টা ধরে এ অবস্থা চলতে থাকার ফলে নিরুপায় হয়ে কলেজের অধ্যক্ষ প্রফেসর মো: হোসেন সহিদ মাহবুবুর রহমান থানায় ফোন করেন। সংবাদ পেয়ে থানার অফিসার ইনচার্জ জাহাঙ্গীর আলম, এসআই মামুনুর রশিদ, এসআই নিমাই রায়সহ পুলিশের একটি বিশেষ দল তাৎক্ষণিক কলেজ ক্যাম্পাসে উপস্থিত হয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ ও অবরুদ্ধ শিক্ষক কর্মচারীদের তালা খুলে উদ্ধার করেন। পরে কলেজ কর্তৃপক্ষের তাৎক্ষণিক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অতিরিক্ত ফি কমানোর ঘোষণা দেয়া হলে বিক্ষোভকারী ছাত্রগণ শান্ত হয়। এ বিষয়ে সাপাহার কলেজের অধ্যক্ষ প্রফেসর মোঃ হোসেন সহিদ মাহবুবুর রহমান জানান নির্ধারিত ফি এর সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্রের আলোকে সেশন চার্জ যুক্ত হয়েছে। এছাড়া প্রতি পরীক্ষার্থীর বিগত ২৩ মাসের বকেয়া বেতন যোগ করা হয়েছে। সরকারি এ শিক্ষা প্রতিষ্ঠানে এ ধরনের কোন অনিয়মের সুযোগ নাই।